দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JAN 1990
পৃষ্ঠা 2 কলাম 6

(৩১)

12

## স্কুলে দুই শিফট চালু করার আবেদন

ঢাকা মহানগরীর লালবাগ থানাধীন হাজী ইব্রাহীম সরকারী প্রাথমিক বিদ্যালয়টি ইসলামবাগ এলাকায় অবস্থিত। বর্তমানে বিদ্যালয়ে ১৬০৫ জন ছাত্র-ছাত্রী আছে। বিদ্যালয়টি সকাল ১০টা হইতে বিকাল ৪টা পর্যন্ত চলে। বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকার সংখ্যা ১৬। বিদ্যালয়টি মেয়েদের জন্য সকাল ৭টা হইতে একটানা ১২টা পর্যন্ত এবং ছেলেদের জন্য দুপুর ১২টা হইতে ৫টা পর্যন্ত এই দুই পর্বে চালু করিলে কমপক্ষে আরও এক হাজার ছাত্র-ছাত্রী পড়াশোনার সুযোগ পাইবে। এলাকাটি জনবহুল বলিয়া দুই শিফট জরুরী। ১৯৯০ সনের প্রারম্ভে দুইটি শিফটে স্কুল চালু করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানাইতেছি।

—মোঃ দেলওয়ার হোসেন, সহকারী শিক্ষক, হাজী ইব্রাহিম সরকারী প্রাথমিক বিদ্যালয়, লালবাগ, ঢাকা।